

মানুষের জয়যাত্রা

(শিল্পী রামকিঙ্কর বেজ সৃষ্ট টু দ্য মিল (১৯৯৫ - ৯৬) - অবলম্বনে)

মানুষ যেখানে যায় গাছ তার সাথে সাথে যায়  
মানুষী যেখানে যায় ফুল তার চুলের নিশীথে  
আলো জ্বালে, সেই আলো মানুষের বুকে  
আলো জ্বালে আলো থেকে আরো আরো আলো।

ধেয়ে আসে পৃথিবীর দিকে আর হাজার বছর  
পার হয়ে যুদ্ধ আর দু-চোখের জল  
মানুষকে কত দুঃখ দেয় তবুও মানুষ  
কেন বারে বারে ডেকে আনে মায়া বিপন্নতা

গোষ্ঠী থেকে দল থেকে সঙ্ঘবদ্ধতার দিকে  
এই যে মানুষ আজো ধেয়ে যায়  
মাতৃগর্ভ থেকে ছিঁড়ে আনা শিশুকেও মারে  
কেউ কেউ আগুন নিভিয়ে দিতে যায়

মানুষ - মানুষী যদি হাতে হাত আগুনের দিকে  
এক সাথে হাঁটে, সে বড় সুখের দিন হবে।

সুভাষ গঙ্গোপাধ্যায়

